

## নতুন পদ্ধতির প্রশ্ন প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা আজ শুরু

### যুগান্তর রিপোর্ট

নতুন পদ্ধতির প্রশ্নে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা আজ শুরু হচ্ছে। একই সঙ্গে শুরু হবে মাদ্রাসার ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা। প্রথমদিনে উভয় ক্ষেত্রেই ইংরেজি পরীক্ষা রয়েছে। প্রশ্নকর্ম রোধে এবার প্রথমবারের মতো ৮ স্টেট প্রশ্নে এই পরীক্ষা নেয়া হচ্ছে। সম্ভবতার মতো আয়োজিত এ দুটি পরীক্ষায় সাড়ে ৩২ লাখের বেশি পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এবার সমাপনী পরীক্ষায় ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা বেশি।

গত কয়েকদিন ধরে মানবতাবিরোধী অপরাধের সামলায় সাজাপ্রাপ্ত জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল আলী আহম্মদ মৌছাফ মুজাহিদ ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মালুয়া হুসিন কাদের চৌধুরীর ফাঁসি কার্যকরের বিষয়ে আলোচনা হচ্ছে। ফাঁসি কার্যকরের পরিপ্রেক্ষিতে দেশে অস্থির পরিবেশ সৃষ্টি হচ্ছে পরীক্ষা চলবে কিনা— এমন প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আউভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, 'কোনো পরিস্থিতিতেই পরীক্ষার বিঘ্ন হবে না। পরীক্ষা যথারীতি চলবে।'

এবার প্রথমবারের মতো ৮ স্টেট প্রশ্নের এই পরীক্ষা নেয়া হচ্ছে। ৬৪ জেলার মধ্যে এই প্রশ্ন জাগ করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা সচিব মেহবাহ উল আলম জানিয়েছেন, 'আমরা মোট ৬৪ স্টেট প্রশ্ন তৈরি করেছিলাম। সেখান থেকে ৩২ স্টেট প্রশ্ন প্রথমে বাছাই করা হয়। এর মধ্য থেকে লটারি করে ৮ স্টেট নির্ধারণ করে ছাপানো হয়েছে। এই ৮ স্টেট এমনভাবে ৬৪ জেলার মধ্যে বন্টন করা হয়েছে যে, এক জেলার প্রশ্নের সঙ্গে ধারাবাহিকভাবে আরেক জেলার প্রশ্ন ও স্টেটের মিল পাওয়া যাবে না। প্রশ্ন ক্রম রোধে এমন পদক্ষেপ নেয়া হয়েছে।'

প্রাথমিক শিক্ষামন্ত্রী জানান, প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। মোট পরীক্ষার্থীর মধ্যে এবার ছাত্রীর সংখ্যা ২ লাখ ৩৫ হাজার ৯৫৩ জন বেশি। গত বছরের তুলনায় এবার ১ লাখ ৯৮ হাজার শিক্ষার্থী বেশি অংশ নিচ্ছে। গত বছর মোট পরীক্ষার্থী ছিল ৩০ লাখ ৯৫ হাজার ৩২১ জন।

সাড়ে ৩২ লাখ শিক্ষার্থীর মধ্যে প্রাথমিকে আছে ২৯ লাখ ৪৯ হাজার ৬৩ জন। এদের মধ্যে ছাত্র ১৩ লাখ ৫৬ হাজার ৫৫৫ জন, ছাত্রী ১৫ লাখ ৯২ হাজার ৫০৮ জন। ইবতেদায়ীর পরীক্ষার্থী ৩ লাখ ৫ হাজার ৪৫১ জন। ছাত্র ১ লাখ ৬০ হাজার ৫৬১ জন। ছাত্রী ১ লাখ ৪৪ হাজার ৮৯০ জন। পরীক্ষায় এবার মোট ১০০ নম্বরের মধ্যে ৫০ নম্বরের প্রশ্ন হবে 'যোগাত্মক'। গত বছরের পরীক্ষায় এ ধরনের প্রশ্ন ছিল ৩৫ নম্বরের। আজ বেলা ১১টায় শুরু হবে আড়াই ঘণ্টার এই পরীক্ষা।